

আজ "জীবন বিজ্ঞান : জীবদেহে হরমনের প্রভাব" থেকে
50 টি প্রশ্ন ও উত্তর pdf সহ আলোচনা করা হল –

1) হরমোন কী?

* Answer :-হরমোন হলো জীবদেহের রাসায়নিক সমন্বয়কারী বস্তু বা পদার্থ।

2) হরমোন(Hormone) শব্দ কিভাবে উৎপত্তি লাভ করেছে?

* Answer :-গ্রীক শব্দ হরমাও (Hormao)থেকে।

3) "হরমোন" শব্দটির নামকরণ কে কবে করেন?

* Answer :-বেলিস ও স্টারলিং 1905 খ্রিস্টাব্দে।

4) হরমোন কাকে বলে?

*Answer :-যে রাসায়নিক পদার্থটি জীবদেহের কোন স্থান থেকে উৎপত্তি লাভ করে ওই জীবদেহের কোন দূরবর্তী স্থানে বিভিন্ন রকম ক্রিয়া সম্পন্ন করে এবং শেষে ধ্বংসপ্রাপ্ত হয়, তাকে হরমোন বলে।

5) হরমোন ও উৎসেচকের প্রধান পার্থক্য কি?

* Answer :-জীবদেহে কোন কার্য সম্পন্ন করার পর হরমোন নষ্ট হয়ে যায় কিন্তু উৎসেচক নষ্ট হয় না।

6) উদ্ভিদ হরমোনের প্রধানত উৎস কোথায়?

* Answer:-প্রধানত কান্ড ও মূলের অগ্রস্থ ভাজক কলায় এছাড়া ভ্রূণমুকুল, বীজপত্র ,শস্য, ও ফলেও হরমোন উৎপত্তি লাভ করে।

7) উদ্ভিদের প্রধান তিনটি হরমোনের নাম কী?

* Answer : উদ্ভিদের প্রধান তিনটি হরমোন হলো A)অক্সিন, B)জিবেবেরেলিন এবং C)সাইটোকাইনিন।

8) অক্সিন হরমোনের রাসায়নিক নাম কী?

*Answer :-ইন্ডোল অ্যাসিটিক অ্যাসিড(IAA)।

9) অক্সিন(Auxin)হরমোন কে কবে আবিষ্কার করেন?

* Answer : -জীববিজ্ঞানী ভেন্ট 1928 খ্রিস্টাব্দে।

10) অক্সিন হরমোন কয় প্রকার ও কী কী?

* Answer :-অক্সিন হরমোন প্রধানত দুই প্রকার- A)প্রাকৃতিক অক্সিন হরমোন ও B)কৃত্রিম অক্সিন হরমোন।

11) একটি প্রাকৃতিক অক্সিন হরমোন এর নাম কী?

* Answer :-ইন্ডোল অ্যাসিটিক অ্যাসিড(IAA)।

12) একটি কৃত্রিম অক্সিন হরমোনের নাম কী?

* Answer :-ন্যাপথলিন অ্যাসিটিক অ্যাসিড(NAA)।

13) অক্সিন হরমোন ব্যবহারের ফলাফল কী?

* Answer :-অক্সিন হরমোন ব্যবহারে বীজবিহীন ফল পাওয়া যায় , যাকে পার্থেনোকর্পি বলে।

14) একটি প্রকল্পিত হরমোনের নাম কী?

* Answer :-ফ্লোরিজেন।

15) একটি গ্যাসীয় হরমোনের নাম কী যা ফল পাকাতে সাহায্য করে?

* Answer :-ইথিলিন।

16) ফটোট্রপিক ও জিওট্রপিক চলনে কোন হরমোন সাহায্য করে?

* Answer :-অক্সিন হরমোন ।

17) উদ্ভিদ দেহে পাওয়া যায় আরেকটি উল্লেখযোগ্য হরমোনের নাম কী?

* Answer :-জিবেবেরেলিন।

18) জিবেবেরেলিনের রাসায়নিক নাম কী?

* Answer :-জিবেবেরেলিক অ্যাসিড(GA)।

19) জিবেবেরেলিন হরমোন কোথায় পাওয়া যায়?

* Answer :-পাকা ফলের বীজে, অঙ্কুরিত চারা গাছে, বীজপত্র ও মুকুলে।

20) কাকে নাইট্রোজেনবিহীন হরমোন বলা হয়?

* Answer:-জিবেবেরেলিনকে।

21) একটি কৃত্রিম জিবেবেরেলিন হরমোনের নাম কী?

* Answer :-ইউনিকোনাডল।

22) একটি নাইট্রোজেনযুক্ত উদ্ভিদ হরমোনের নাম কী?

* Answer :-সাইটোকোইনিন।

23) একটি প্রাকৃতিক সাইটোকোইনিন হরমোনের নাম কী?

* Answer :-জিয়াটিন।

24) একটি কৃত্রিম সাইটোকোইনিন হরমোনের নাম কী?

* Answer :-কাইনেটিক।

25) সাইটোকোইনিনের প্রধান কাজ কি?

* Answer :-উদ্ভিদ কোষের বিভাজনে সাহায্য করা।

26) প্রাণী হরমোন প্রধানত কোথা থেকে নিঃসৃত হয়?

* Answer :-অন্তঃক্ষরা গ্রন্থি থেকে।

27) প্রাণী হরমোন কার দ্বারা প্রভাবিত হয়ে কর্মস্থলে পৌঁছায়?

* Answer :-রক্তের দ্বারা।

28) কাকে "সুপ্রিম কমান্ডার" গ্রন্থি বলা হয়?

* Answer :-হাইপোথ্যালামাসকে।

29) হাইপোথ্যালামাস থেকে কোন কোন হরমোন নিঃসৃত হয়?

* Answer :-ARH,TRH,GIH,PRH প্রভৃতি।

30) কাকে "মাস্টার গ্লান্ড" বলা হয়?

* Answer :-পিটুইটারিকে।

31) পিটুইটারি থেকে কোন কোন হরমোন নিঃসৃত হয়?

* Answer :-ACTH(অ্যাড্রিনো কর্টিকো ট্রাফিক হরমোন),GH (গ্রোথ হরমোন),TSH(থাইরয়েড স্টিমুলেটিং হরমোন),GTH(গোনাডো ট্রপিক হরমোন) প্রভৃতি।

32) কোন হরমোনের প্রভাবে মানবদেহে বৃদ্ধি ব্যাহত হয়?

* Answer :- GH (গ্রোথ হরমোন)।

33) মাতৃদুগ্ধ ক্ষরণে কোন হরমোন সহায়তা করে?

* Answer :-LTH (লিউটো ট্রাফিক হরমোন)।

34) পিটুইটারি গ্রন্থি কোথায় অবস্থিত?

* Answer :-মস্তিষ্কে।

35) মানবদেহে বিপাকীয় কাজে কোন হরমোন সাহায্য করে?

* Answer :-থাইরক্সিন হরমোন।

36) কার্বোহাইড্রেট,প্রোটিন ও ফ্যাট বিপাকে কোন হরমোন সাহায্য করে?

* Answer :-ইনসুলিন।

37) কাকে অ্যান্টি-ডায়াবেটিস হরমোন বলে?

* Answer :-ইনসুলিনকে।

38) জরুরীকালীন হরমোন বা সংকটকালীন বা আপাতকালীন হরমোন কাকে বলে?

* Answer :-অ্যাড্রিনালিন হরমোনকে।

39) অ্যাড্রিনালিন হরমোনকে আপাতকালীন বা সংকটকালীন হরমোন বলা হয় কেন?

* Answer :-রাগ,দুঃখ, ভয়, আনন্দ প্রভৃতি উত্তেজনা প্রশমনে সাহায্য করে।

40) সুপ্রারেনাল গ্রন্থি কাকে বলা হয়?

* Answer :- আড্রোনাল গ্রন্থিকে।

41)BMR কী?

* Answer :- Basal Metabolic Rate (বেসাল মেটাবলিক রেট)।

42) শুক্রাশয় থেকে কোন হরমোন নিঃসৃত হয়?

* Answer :- টেস্টোস্টেরন।

43) টেস্টোস্টেরনের কাজ কী?

* Answer :- পুরুষদেহের যৌনাঙ্গ বিকাশের সাহায্য করা।

44) ডিম্বাশয় থেকে কোন হরমোন নিঃসৃত হয়?

* Answer :- ইস্ট্রোজেন ও প্রোজেস্টেরন।

45) ইস্ট্রোজেন এর প্রধান কাজ কি?

* Answer :- ডিম্বথলির বিকাশ ও ঋতুচক্র নিয়ন্ত্রণ।

46) গলগন্ড রোগে কোন হরমোন প্রভাব বিস্তার করে?

* Answer :- থাইরক্সিন।

47) অন্তঃক্ষরা গ্রন্থি কি?

* Answer :- জীবদেহের যে সমস্ত গ্রন্থিতে কোন নালি থাকে না, তাতে অন্তঃক্ষরা গ্রন্থি বলে।

48) অন্তঃক্ষরা গ্রন্থির উদাহরণ দাও?

* Answer :- পিটুইটারি, থাইরয়েড, অ্যাড্রেনাল প্রভৃতি।

49) বহিঃক্ষরা গ্রন্থি কাকে বলে?

* Answer :- জীব দেহের যে সমস্ত গ্রন্থির নালি থাকে, তাদেরকে বহিঃক্ষরা গ্রন্থি বলে।

50) বহিঃক্ষরা গ্রন্থি কোনগুলি?

* Answer :- লালারস, অগ্নাশয়রস, আন্ট্রিকরস, প্রভৃতি।

Cont....

আজ কয়েকটি বাছাই করে কিছু প্রশ্ন ও উত্তর নিয়ে আলোচনা করা হয়েছে। পরে আরো বিস্তারিত আলোচনা করা হবে।

প্রশ্ন ও উত্তর গুলি কেমন হয়েছে তা কमेंটে বা মেল করে জানাবেন। এই প্রকার আরো অনেক প্রশ্ন ও উত্তর পাওয়ার জন্য ওয়েবসাইটে ভিজিট করুন।

Thank you, Visit Again